



## বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা  
উন্নয়ন শাখা  
প্রশাসন অনুবিভাগ  
[www.idra.org.bd](http://www.idra.org.bd)



স্মারক নং-৫৩.০৩.০০০০.০০৯.২৩.০০২.১৯.৪৬৭

তারিখঃ ১৪ আগস্ট ২০২০

**বিষয়ঃ জাতীয় শোক দিবস পালনের জন্য আর্থিক প্রতিষ্ঠান বিভাগের নির্দেশনা পরিপালন প্রসঙ্গে।**

সূত্র: বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের স্মারক নং-৫৩.০৩.০০০০.০০৯.২৩.০০২.১৯.৯৪ তারিখ: ১২ আগস্ট ২০২০

উপর্যুক্ত বিষয় এবং সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৫ আগস্ট স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদাৎ বার্ষিকী এবং জাতীয় শোক দিবস উদযাপনের জন্য আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সিদ্ধান্তক্রমে নিম্নোক্ত কর্মসূচিসমূহ পরিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো:

- ১। জাতীয় শোক দিবস পালনের অংশ হিসেবে বীমা কোম্পানিগুলো যেন জেলা ও উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করে বন্যার্তদের মাঝে ত্রাণ বিতরণ এবং বৃক্ষরোপণ কর্মসূচি পালন করে।
- ২। জাতীয় শোক দিবস পালনের পরে বীমা কোম্পানিগুলো যেন ক) বিতরণকৃত ত্রাণের পরিমাণ, ত্রাণ প্রাপ্ত বন্যার্ত মানুষ ও পরিবারের সংখ্যা এবং খ) রোপণকৃত বৃক্ষের পরিমাণ উল্লেখসহ জাতীয় শোক দিবস উদযাপনের বিস্তারিত সচিত্র প্রতিবেদন প্রেরণ করে।

\*উপরোক্ত কর্মসূচিসমূহের সচিত্র প্রতিবেদন কর্তৃপক্ষের নির্বাহী কর্মকর্তা জনাব কাজী আব্দুল জাহিদ এর ই-মেইল [riponidra@gmail.com](mailto:riponidra@gmail.com) প্রেরণের জন্যও অনুরোধ জানানো হলো।

১৪/০৮/২০২০

(তানিয়া আফরিন)  
কর্মকর্তা (উন্নয়ন)

বিতরণ (সদয় কার্যার্থে):

- ১। ব্যবস্থাপনা পরিচালক: সাধারণ বীমা ও জীবন বীমা কর্পোরেশন;
- ২। মুখ্য নির্বাহী কর্মকর্তা: সকল লাইফ ও নন-লাইফ বীমা কোম্পানি।

**অনুলিপি (সদয় অবগতি):-**

- ১। প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন;
- ২। প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরাম;
- ৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
- ৪। সদস্য মহোদয়গণের সহকারী, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
- ৫। অফিস কপি।